

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ আগস্ট, ১৪৩১/ ০৩ অক্টোবর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৩৩-আইন/২০২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনমুখী, জবাবদিহিমূলক, দক্ষ ও নিরপেক্ষ জনপ্রশাসন ব্যবস্থা গড়িয়া তুলিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে “জনপ্রশাসন সংস্কার কমিশন” নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) জনপ্রশাসন সংস্কার কমিশন

- |   |                |
|---|----------------|
| ১. জনাব আব্দুল মুয়াদ চৌধুরী, চেয়ারম্যান,<br>বিমান বাংলাদেশ এয়ারলাইন্স                  | - কমিশন প্রধান |
| ২. ড. মোহাম্মদ তারেক, সাবেক সচিব  | - সদস্য        |
| ৩. ড. মোহাম্মদ আইয়ুব মিয়া, সাবেক সচিব   | - সদস্য        |
| ৪. ড. মো: মোখলেস উর রহমান, সিনিয়র সচিব,<br>জনপ্রশাসন মন্ত্রণালয়                         | - সদস্য        |
| ৫. জনাব মো: হাফিজুর রহমান, সাবেক অতিরিক্ত সচিব  | - সদস্য        |
| ৬. ড. রিজওয়ান খায়ের, সাবেক অতিরিক্ত সচিব  | - সদস্য        |
| ৭. অধ্যাপক একেএ ফিরোজ আহমেদ, সাবেক চেয়ারম্যান,<br>লোক প্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য        |
| ৮. শিক্ষার্থী প্রতিনিধি   | - সদস্য        |

( ২৭১২১ )

মূল্য : টাকা ৪.০০

- (খ) কমিশন ৩ অক্টোবর ২০২৪ তারিখ হইতে কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্রাহ্ম) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;
- (গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;
- (ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;
- (ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;
- (চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে;
- (ছ) জনপ্রশাসন মন্ত্রণালয় এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব